এই সময়
সংবাদপত্র
রাজনৈতিক সংবাদ ও আপডেটেড খবরে No.1*

# হোমলোনের সুদে ছাড় চালুর আর্জি



**এই সময়:** কলকাতা-সহ গোটা ভারতে রিয়েল এস্টেট ক্ষেত্রে বিপুল চাহিদা থাকায় গত এক-দেড় বছরে বিক্রি অনেকটাই বেড়েছে। কোভিড-পরবর্তী পর্যায়ে অধিকাংশ ক্রেতাই বড় মাপের ফ্ল্যাট কেনার দিকে ঝুঁকছেন। সেই কারণে ডেভেলপাররাও বড় মাপের ফ্ল্যাটের নির্মাণ বেশি করছেন। ফ্ল্যাটের মাপ বড় হওয়ায় সেগুলি আর সস্তাও থাকছে না। ফলে, কেন্দ্রের সংজ্ঞা অনুযায়ী, ৪৫ লক্ষ টাকার কম দামের সস্তার ফ্ল্যাটের সরবরাহ কমছে। এই পরিস্থিতিতে অ্যাফর্ডেবল হাউজিং এর সরবরাহ ও চাহিদা বাড়াতে কেন্দ্রের কাছে অন্তর্বর্তী বাজেটে নতুন প্রকল্প ঘোষণার আর্জি জানিয়েছে রিয়েল এস্টেট মহল।

ইডেন রিয়েলটির ম্যানেজিং ডিরেক্টর আর্য সুমন্ত বলেন, 'সস্তার আবাসন নিয়ে সরকারকে নতুন স্কিম আনতে হবে। অনেক দিন ধরে বলছে আনবে। কিন্তু, এখনও নিয়ে আসেনি। এদিকে ফ্ল্যাটের দাম বাড়ছে। ফলে, যাদের টাকা আছে, তারাই শুধু ফ্ল্যাট কিনতে পারবে। অ্যাফর্ডেবল হাউজিংয়ের চাহিদা বাড়ানোর জন্য হোমলোনে ইন্টারেস্ট সাবসিডি চালু করতে হবে।'

সিদ্ধা গ্রুপের ম্যানেজিং ডিরেক্টর সঞ্জয় জৈনের আশা, আবাসন ক্ষেত্রকে আরও চাঙা করতে সরকার বাজেটে শিল্প-বান্ধব নীতি ঘোষণা করবে।

জৈন গ্রুপের এমডি ঋষি জৈন জানান, বর্তমান পরিস্থিতিতে মানুষের আর্থিক সাধ্যের মধ্যে আবাসনের দাম থাকা জরুরি হয়ে পড়েছে। তাঁর কথায়, 'সস্তার আবাসন ক্ষেত্রকে উজ্জীবিত করতে সরকারকে পদক্ষেপ করতে হবে এবং আমরা আত্মবিশ্বাসী।' শ্রাচী গোষ্ঠীর ম্যানেজিং ডিরেক্টর রাহুল টোডির বক্তব্য, 'এটা অন্তর্বর্তী বাজেট হওয়ায় বড় কোনও ঘোষণার আশা করছি না। তবে আয়করে কিছু ছাড় এবং স্ট্যান্ডার্ড ডিডাকশন বাড়ানোর ঘোষণা হলে মানুষের হাতে বাড়তি অর্থ আসবে, যার পরোক্ষ লাভ পাবে রিয়েল এস্টেট ক্ষেত্রও।'